



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



প্রতিবেদন

বিষয়: 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২২ উদযাপন বিষয়ক প্রতিবেদন

৭ মার্চ বাঙালি জাতির স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধের ইতিহাসে এক অনন্য দিন। ১৯৭১ সালের এই দিনে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এক ঐতিহাসিক ভাষণে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের ডাক দেন। ঐতিহাসিক ৭ই মার্চ ২০২২ উদযাপন উপলক্ষে ৭ই মার্চ ২০২২ খ্রি: তারিখ সোমবার প্রথম প্রহরে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। শিক্ষা মন্ত্রণালয় ও এর অধীন অধিদপ্তর /দপ্তর/সংস্থাসমূহের পক্ষ থেকে মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এম.পি.-এর নেতৃত্বে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব, কারিগরি ও মাদরা সা শিক্ষা বিভাগের সচিব, মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ এবং অধীনস্থ দপ্তর /সংস্থা প্রধানগণ ধানমন্ডি ৩২ নং সড়কে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে সকাল ৮.০০ টায় পুষ্পার্ঘ অর্পণ করা হয়। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) নাসরীন আফরোজ এ কার্যক্রমে অংশগ্রহণ করেন।

ঐতিহাসিক ৭ ই মার্চ ২০২২ উদযাপনের অংশ হিসেবে বেলা ১১.০০ টায় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) নাসরীন আফরোজ -এর সভাপতিত্বে ট্রাস্টের সম্মেলন কক্ষে সকল কর্মকর্তা -কর্মচারীদের উপস্থিতিতে সম্পূর্ণ স্বাস্থ্যবিধি অনুসরণ করে ঐতিহাসিক ৭ ই মার্চ এর উপর এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ট্রাস্ট ও এইচ.এস.পি'র কর্মকর্তাগণ আলোচক হিসেবে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ট্রাস্টের সহকারী পরিচালক (প্রশাসন) জনাব যাদব সরকার। ঐতিহাসিক ৭ ই মার্চ ২০২২-এ ধারণকৃত কিছু ছবি-



[ছবি ১ ও ২: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) নাসরীন আফরোজ -এর সভাপতিত্বে ট্রাস্ট ও এইচ.এস.পি'র কর্মকর্তাগণের উপস্থিতিতে আলোচনা সভা।]



[ছবি ৩: ঐতিহাসিক ৭ মার্চ ২০২২ উদযাপন উপলক্ষে ট্রাস্ট কার্যালয়ে আলোকসজ্জা



[ছবি ৩: ঐতিহাসিক ৭ মার্চ ২০২২ উদযাপন উপলক্ষে ট্রাস্ট কার্যালয়ে আলোকসজ্জা

স্বাক্ষরিত/-
১৩-০৩-২০২২ খ্রি.
(নাসরীন আফরোজ)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৮১৯২২০০
e-mail: md@pmeat.gov.bd